S.M. Mannan (Kochi)
Senior Vice President

MADE IN BANGLADESH WEEK
12-18 November 2022, Dhaka

BGMEA

সার্কুলার নং ঃ বিজিএ/এডমিন/২০২৩/৭৪০

০৬ জুন ২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয় ঃ যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) স্বয়ংক্রিয় পদ্বতিতে সার্টিফাইড কপি প্রদান প্রসঙ্গে।**

সূত্র ঃ RJSC স্মারক নং ঃ ২৬.০৬.০০০০.০৬০.০১.০৭২.১৯.৫৪১, তারিখ ২২ মে ২০২৩।

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষনপূর্বক জানাচ্ছি যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (RJSC) ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহক সেবা নিশ্চিতকরণে অনলাইন নিবন্ধন/রেকর্ডকৃত রেকর্ড/দলিলাদির স্বয়ংক্রিয় সার্টিফাইড কপি প্রদানের উদ্যোগ গ্রহন করেছে। নিম্নোক্ত সার্টিফাইড কপি সমূহ স্বয়ংক্রিয় পদ্বতিতে RJSC গ্রাহকের ই-মেইলে প্রেরণ করা হচ্ছে ঃ

১. বার্ষিক মূলধনের বিবরনী (শিডিউল-১০), ২. শেয়ার বরাদ্দের তালিকা (ফরম-১৫), ৩. অনুমোদিত শেয়ার মূলধন বৃদ্ধির তালিকা (ফরম-৪), ৪. রেজিস্টার্ড অফিস পরিবর্তন (ফরম-৬), ৫. পরিচালকের তালিকা (ফরম-১২), ৬. নিবন্ধিকৃত সংঘস্মারক ও সংঘবিধি, ৭. সংশোধিত সংঘস্মারক (Digitally Available), ৮. সংশোধিত সংঘবিধি (Digitally Available), ৯. কোম্পানি, সোসাইটি, পার্টনারশিপ ফার্ম, টি.ও. এর নিবন্ধন সার্টিফিকেট, ১০. বিদেশী কোম্পানীর ফাইলিং সার্টিফিকেট এবং ১১. নাম পরিবর্তনের সার্টিফিকেট।

Online-এ দাখিলকৃত এবং রেকর্ডকৃত উপরে বর্ণিত দলিলপত্র/রেকর্ডাদির স্বয়ংক্রিয় সার্টিফাইড কপির জন্য RJSC গ্রাহকগণকে www.roc.gov.bd এ প্রবেশ করে **"আরজেএসসি ই-সেবা"** অপশনে ক্লিক করে নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। এ পর্যায়ে নির্ধারিত ফরম পূরণ করে স্বয়ংক্রিয় সার্টিফাইড কপির জন্য আবেদন করতে হবে। আবেদন সম্পন্ন হলে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে RJSC গ্রাহকের ই-মেইলে কাংখিত সার্টিফাইড কপি স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হবেন।

RJSC গ্রাহকদের উৎপাদন কার্যক্রম সহজীকরনের জন্য এবং বিভিন্ন খরচ হ্রাসের মাধ্যমে পোশাক রপ্তানীর গতিশীলতা বৃদ্ধি এবং অগ্রযাত্রা অব্যাহত রাখার নিমিত্তে এ উদ্যোগ সহায়ক ভূমিকা পালন করবে।

ধন্যবাদান্তে,

**এস.এম. মান্নান (কচি)**
ভারপ্রাপ্ত সভাপতি

MCCI/BEF 05-06-23
Received on..........
Action Taken..........

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**
**আইসিটি শাখা**
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

মুজিব শতবর্ষ

স্মারক নম্বরঃ ২৬.০৬.০০০০.০৬০.০১.০৭২.১৯. ৫৪৭

তারিখঃ ৮ জৈষ্ঠ্য ১৪৩০
২২ মে ২০২৩

পরিপত্র

**বিষয়ঃ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সার্টিফাইড কপি প্রদান** সংক্রান্ত।

এতদ্বারা এ পরিদপ্তরের সকল সেবাগ্রহীগণকে অবগত করা যাচ্ছে যে, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের বিদ্যমান ডিজিটাল সেবার মাধ্যমে দ্রুততম সময়ে গ্রাহকসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইনে নিবন্ধিত/রেকর্ডকৃত রেকর্ড/দলিলাদির স্বয়ংক্রিয় সার্টিফাইড কপি প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে নিম্নেবর্ণিত সার্টিফাইড কপি স্বয়ংক্রিয় পদ্ধতিতে গ্রাহকের ই-মেইলে প্রেরণ করা হচ্ছেঃ

১. বার্ষিক মূলধনের বিবরণী (শিডিউল-১০)
২. শেয়ার বরাদ্দের তালিকা (ফরম-১৫)
৩. অনুমোদিত শেয়ার মূলধন বৃদ্ধির তালিকা (ফরম-৪)
৪. রেজিস্টার্ড অফিস পরিবর্তন (ফরম-৬)
৫. পরিচালকের তালিকা (ফরম-১২)
৬. নিবন্ধিকৃত সংঘস্মারক ও সংঘবিধি
৭. সংশোধিত সংঘস্মারক (Digitally Available)
৮. সংশোধিত সংঘবিধি (Digitally Available)
৯. কোম্পানি, সোসাইটি, পার্টনারশিপ ফার্ম, টি.ও. এর নিবন্ধন সার্টিফিকেট
১০. বিদেশী কোম্পানির ফাইলিং সার্টিফিকেট
১১. নাম পরিবর্তনের সার্টিফিকেট

Online-এ দাখিলকৃত এবং রেকর্ডকৃত উপরে বর্ণিত দলিলপত্র/রেকর্ডাদির স্বয়ংক্রিয় সার্টিফাইড কপির জন্য গ্রাহকগণকে www.roc.gov.bd এ প্রবেশ করে "আরজেএসসি ই-সেবা" অপশনে ক্লিক করতে হবে। অতঃপর Apply for certified copy অপশনে ক্লিক করে গ্রাহককে তার ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করতে হবে। এ পর্যায়ে নির্ধারিত ফরম পূরণ করে স্বয়ংক্রিয় সার্টিফাইড কপির জন্য আবেদন করতে হবে। আবেদন সম্পন্ন হলে নির্ধারিত ফি প্রদান করে গ্রাহক তার ই-মেইলে কাংখিত সার্টিফাইড কপি স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হবেন।

উল্লেখ্য, উপরিউক্ত ডকুমেন্ট ব্যতিরেকে অন্য কোন ডকুমেন্টের সার্টিফাইড কপির জন্য Apply for certified copy for none digital documents লিংকে ক্লিক করে আবেদন করতে হবে।

জনস্বার্থে জারীকৃত এ পরিপত্র অনতিবিলম্বে কার্যকর হবে।

22/05/2023

(শেখ শোয়েবুল আলম এনডিসি)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৮১৮৯৪০১
registrar@roc.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি আগারগাও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ই-৬/বি আগারগাও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাও, শেরেবাংলা নগর, ঢাকা।

E:\পরিপত্র\পরিপত্র_১৬-০৫-২০২৩.doc

৭. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৮. সভাপতি, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এমসিসিআই), চেম্বার ভবন (৫ম তলা), ১২২-১২৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৯. সভাপতি, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।
১০. সভাপতি, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি), পদ্মা লাইফ টাওয়ার, (৭ম ও ৮ম ফ্লোর), ১১৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১০০০।
১১. উপনিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম।
১২. প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
১৩. সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা।
১৪. সহকারী প্রোগ্রামার, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।